৭ - 6 FEB 2017 ৪

কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# ফেসবুকে আপত্তিকর মন্তব্যে সহকারী রেজিস্ট্রার বরখাস্ত

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

ফেসবুকে সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে আপত্তিকর মন্তব্য করার দায়ে আন্দোলনের মুখে ময়মনসিংহের ত্রিশালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার খন্দকার এহসান হাবিবকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এ ছাড়া প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ নেতাদের বিরুদ্ধে কটূক্তি করায় তথ্য প্রযুক্তি আইনে তার বিরুদ্ধে দুটি মামলা হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা এসএম হাফিজুর রহমান জানান, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় হাবিবকে সাময়িক বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়।

গত ৩১ জানুয়ারি দুটি ফেসবুক স্ট্যাটাসে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তুলনা করে সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেন এহসান হাবিব। এতে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তার বিরুদ্ধে আন্দোলনে নামেন। গতকাল সকালেও বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ক্যাম্পাসে মিছিল এবং উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন। এর প্রেক্ষাপটে গতকাল ঢাকার শ্যামলীতে বিশ্ববিদ্যালয়ের লিয়াজোঁ অফিসে সিন্ডিকেটের সভা বসে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মোহিত উল আলম বলেন, দুই ঘণ্টার বৈঠকে সিন্ডিকেটের ১৪ সদস্যের মধ্যে ১৩ জন উপস্থিত ছিলেন। সভার সিদ্ধান্ত আনুযায়ী সহকারী রেজিস্ট্রার খন্দকার এহসান হাবিবকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। উপাচার্য আরও জানান, এ ঘটনা তদন্তে ২ ফেব্রুয়ারি পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি করা হয়েছে। এ কমিটিতে আরও দু'জন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে দক্ষ সদস্যকে যোগ করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়ার পর এহসান হাবিবের বিষয়ে চূড়ান্ত ব্যবস্থা নেওয়া হবে।

ফেসবুকে ২০১২ সালের অক্টোবরে একটি স্ট্যাটাসে প্রধানমন্ত্রী ও রাজনীতিবিদদের নিয়ে 'কটূক্তির' অভিযোগ এনে গতকাল রাতেই হাবিবের বিরুদ্ধে তথ্য ও প্রযুক্তি আইনের ৫৭ ধারায় দুটি মামলা হয়। এসব মামলায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারসহ দুই সহকারী রেজিস্ট্রারকেও আসামি করা হয়েছে। একটি মামলার বাদী ময়মনসিংহ পৌরসভার ২১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি দিদারুল ইসলাম। অন্য মামলার বাদী জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি নুরুল বাকি খান।